# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**04 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) প্রশাসনিক ব্যবস্থা সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে আজ ও আগামীকাল পর্যায়ক্রমে রাজ্যের একুশটি জেলায় ৩৯ টি সম জেলা কার্যালয়ের উদ্বোধন।

২) জনস্বাস্থ্য কারিগরী মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়ার করিমগঞ্জ জেলার রামকৃষ্ণ নগর ও পাথারকান্দি দুটি সম জেলা কার্যালয়ের উদ্বোধন।

৩) বাংলা ও অসমিয়া ভাষাকে ধ্রুপদী ভাষার স্বীকৃতি প্রদান করার দেওয়ার পর কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তকে বিভিন্ন দল সংগঠনের স্বাগত।

এবং

৪) আসাম লোকসেবা আয়োগের প্রাক্তন অধ্যক্ষ রাকেশ কুমার পালের সময়কালে ১৪ টি জেলার ম্যালেরিয়া আধিকারিক পদে নিযুক্তি বাতিলের জন্য গৌহাটি হাইকোর্টের নির্দেশ।

------------------------------------------------------------------------------------------

রাজ্যের প্রশাসনিক ব্যবস্থাকে সুষ্ঠুভাবে পরিচালনা করার লক্ষ্যে আজ এবং আগামীকাল পর্যায়ক্রমে আসামের ২১টি জেলায় ৩৯টি সম-জেলা কার্যালয় উদ্বোধন করা হচ্ছে ।এই প্রশাসনিক সংস্কারমূলক ব্যবস্থার মাধ্যমে এখন থেকে সাধারণ নাগরিকরা জমি রাজস্ব ,

ন্যায় ব্যবস্থা , উন্নয়নবমূলক প্রকল্প রূপায়ন , খাদ্য ও অসামরিক সরবরাহ , আবগারী ইত্যাদি বিভিন্ন জেলা পর্যায়ের সেবাগুলো সমজেলা কার্যালয়ে লাভ করবেন ।অর্থমন্ত্রী অজন্তা নেওগ যোরহাট জেলার তিতাবর সমজেলা আয়ুক্তের কার্যালয় উদ্বোধন করেন ।পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস ধুবরী জেলার গোলকগঞ্জ ও বিলাসিপারা সমজেলা কার্যালয় দুটি উদ্বোধন করেন ।হস্ততাঁত ও বস্ত্রশিল্প বিভাগের মন্ত্রী উর্খাও গৌরা ব্রহ্ম গোয়ালপারা জেলার আগিয়া সমজেলা কার্যালয় উদ্বোধন করেন ।পর্যটন মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া করিমগঞ্জ জেলার রামকৃষ্ণনগর ও পাথারকান্দিতে দুটি সমজেলা কার্যালয় উদ্বোধন করেন ।মন্ত্রী সঞ্জয় কিষাণ গোলাঘাটের ধনশিরি সমজেলা কার্যালয় উদ্বোধন করেন ।উল্লেখ্য-আসাম ক্যাবিনেটের সিদ্ধান্ত অনুযায়ী রাজ্যসরকারের পূর্বঘোষিত উপ-জেলাগুলিকে বর্তমানে সম-জেলা হিসেবে নামাঙ্কিত করা হয়েছে ।

---

এদিকে রাজ্যের জনস্বাস্থ্য কারিগড়ি ,পর্যটন , দক্ষতা ,নিয়োগ ও শিল্পোদ্যোগ বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া আজ করিমগঞ্জ জেলার রামকৃষ্ণনগর ও পাথারকান্দি দুটি সমজেলা কার্যালয়ের উদ্বোধন করেন ।রামকৃষ্ণনগর সমজেলা কার্যালয় উদ্বোধন করে ভাষণ প্রসঙ্গে মন্ত্রী  বলেন যে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা রাজ্যের ৩৯ টি সমজেলার সঙ্গে রামকৃষ্ণনগরকে সমজেলা করে জনসাধারণের জন্য বিশেষ সুবিধা প্রদান করেছেন ।এই অঞ্চলের জনগণকে বিভিন্ন সরকারী কাজে এখন থেকে আর করিমগঞ্জ জেলা সদরে যেতে হবেনা বলে তিনি মন্তব্য করেন ।মন্ত্রী বলেন যে এই সমজেলা স্থাপন করার ফলে জনসাধারণ এখানের জমির রাজস্ব , উন্নয়নমূলক কাজকর্ম , কল্যানমূলক প্রকল্পের সেবা , প্রশাসনিক সেবা ,পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন , দূর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি নাগরিক সেবা পেতে সক্ষম হবেন ।বর্তমানে এই সমজেলা কার্যালয়ের কাজকর্ম পর্যটন বিভাগের গেষ্ট হাউসে অস্থায়ী কার্যালয়ে চলবে ।এক দেড় বছরের মধ্যে সমজেলার স্থায়ী ভবন নির্মাণ করা হবে বলেও তিনি জানান ।অনুষ্ঠানে রামকৃষ্ণনগর সমজেলা আয়ুক্ত ধ্রুবজ্যোতি দেব ,  চক্র আধিকারীক সৌভিক দত্ত , মন্ত্রী শ্রী বরুয়া পাথারকান্দি পূর্তবিভাগের ডাক বাংলার পাশে পাথারকান্দি সমজেলা কার্যালয়ের উদ্বোধন করেন ।এ উপলক্ষে পাথারকান্দি বিসর্জন ঘাটে এক অনুষ্ঠানের আয়োজন করা হয় । উভয় অনুষ্ঠানে  রামকৃষ্ণনগর সমজেলা আয়ুক্ত ধ্রুবজ্যোতি দেব ,  চক্র আধিকারীক সৌভিক দত্ত ,সাংসদ কৃপানাথ মালহা , বিধায়ক কৃষ্ণেন্দু পাল , বিজয় মালাকার , সিদ্দেক আহমেদ চৌধুরী , সমজেলা আয়ুক্ত মিনার্ভা দেবী আরামবাম , করিমগঞ্জের জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী প্রমুখ উপস্থিত ছিলেন ।মন্ত্রী শ্রী মল্লবরুয়া আগামীকাল

লক্ষীপুরের ফুলেরতলে সমজেলা কার্যালয় উদ্বোধন করবেন । মন্ত্রী বিকেল তিনটে ১০ মিনিটে দিসপুর ফিরে যাবেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রীসভা বাংলা অসমীয়া সহ পাঁচটি ভাষাকে ধ্রপদী ভাষার মর্যাদা প্রদানে অনুমোদন জানিয়েছে । অন্য তিনটি ভাষা হলো মারাঠি , পালি ও প্রাকৃত । আসামের মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তকে আসামবাসীর হয়ে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়েছেন ।

তিনি বলেন যে প্রাচীন কামরুপ তথা আসামের সভ্যতা সংস্কৃতির এই স্বীকৃতি পুনরায় আসামকে সমৃদ্ধ করলো । এই সিদ্ধান্তের দ্বারা অসমীয়া ভাষাকে জগতসভায় নিয়ে যেতে তিনি সমর্থ হবেন বলে উল্লেখ করেন । এর আগে তামিল , তেলেগু , সংস্কৃত , কানাড়া , মালায়ালাম ও ওড়িয়া ভাষাকে ধ্রুপদী ভাষার তালিকায় সন্নিবিষ্ট করা হয়েছিল ।

অসমীয়া ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা প্রদানের পর অসম গণ পরিষদ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে কৃতজ্ঞতা জানিয়েছে । অসমীয়া ভাষাকে জগতসভায় নিয়ে যাওয়ার ক্ষেত্রে যেসকল মহান মনিষী অহরাত্র কাজ করেছিলেন তাদের প্রতি অগপর সভাপতি অতুল বরা শ্রদ্ধা নিবেদন করেন । অসমীয়া ভাষা এই অলংকার পরিধান করার পর প্রত্যেক অসমীয়ার দায়িত্ব ও দায়বদ্ধতা বেড়ে গেলো বলে তিনি উল্লেখ করেন ।

---

চলতি বছরের ৩০ শে নভেম্বর থেকে গুয়াহাটীতে ভারত আন্তর্জাতিক বিজ্ঞান মহোৎসবের আয়োজন করা হয়েছে । এই মহোৎসব তেসোরা ডিসেম্বর পর্যন্ত চলবে ।কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয় , পৃথিবী বিজ্ঞান মন্ত্রনালয় ,এবং বিজ্ঞান ভারতীর সহযোগিতায় এই মহোৎসবের আয়োজন করা হয়েছে ।বৈজ্ঞানিক ধারণার প্রচার ও প্রসার , সাফল্যকে স্বীকৃতি দেওয়া , এবং দেশের জনসাধারণের মধ্যে বৈজ্ঞানিক সচেতনতা বৃদ্ধি করার উদ্দেশ্যে এই মহোৎসবের আয়োজন করা হয়েছে ।কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী জীতেন্দ্র সিং আজ এক সাংবাদিক সম্মেলনে এ কথা জানিয়ে বলেন যে বিজ্ঞান মহোৎসবে জাতীয় ও আন্তর্জাতিক বিশেষজ্ঞদের আলোচনা চক্র

,প্রদর্শনী , প্রতিযোগিতা , কর্মশালা , প্রযুক্তি প্রদর্শণ সহ বিভিন্ন আকর্ষণীয় কার্যসূচী , জ্ঞান বিনিময় কার্যসূচী ইত্যাদির আয়োজন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার ও রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ নাসিকে রেল সুরক্ষা বাহিনীর ৪০ তম প্রতিষ্ঠা দিবসের প্যারেডে মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করেন । অনুষ্ঠানে রেল মন্ত্রী ৩৩ জন আর পি এফ জওয়ানকে পুলিশ পদক , জীবন রক্ষা মেডেল প্রদান করেন ।এই পুরস্কারগুলি দেশের রেলোয়ে পরিষেবায় সুরক্ষা প্রদানে গুরুত্ব প্রদান করা সহ বাহিনীর অন্যান্য সদস্যদের এই ক্ষেত্রে উৎসর্গিত মনোভাব সহকারে কাজ করে যেতে উৎসাহ যোগাবে ।

-----------------------------------------------------------------------------------

গৌহাটী হাইকোর্ট আসাম লোকসেবা আয়োগের প্রাক্তন অধ্যক্ষ রাকেশ কুমার পালের সময়কালে ১৪ টি জেলা ম্যালেরিয়া আধিকারিক পদের নিযুক্তি বাতিলের নির্দেশ দিয়েছে । একজন বঞ্চিত প্রার্থীর দাখিল করা আবেদনের শুনানি গ্রহণ করে গৌহাটী হাইকোর্টের মুখ্য বিচারপতি , বিচারপতি বিজয় কৃষ্ণ ও বিচারপতি উন্নীকৃষ্ণ নায়ারের খন্ড বিচারপীঠ ১৪ টি পদের বাছাই তালিকা বাতিল করে নতুনকরে নিযুক্তি প্রক্রিয়া আরম্ভ করতে নির্দেশ দিয়েছে । লোকসেবা আয়োগ ২০১২ সালে স্বাস্থ্য বিভাগের অধীনে ১৪ টি মেলেরিয়া আধিকারিক পদের বিজ্ঞাপন প্রকাশ করেছিল । পরবর্তী পর্যায়ে কমিশন বাছাই পরীক্ষা ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত করে ১৪ জন প্রার্থীর তালিকা প্রকাশ করে ।কিন্তু একাংশ প্রার্থীর নম্বর বৃদ্ধি করে উত্তীর্ন করা হয় এবং শুধু মৌখিক পরীক্ষার নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই নিয়ে একজন বঞ্চিত প্রার্থী উচ্চ ন্যায়লয়ে মামলা দায়ের করেছিল । এই মামলার ভিত্তিতে আজ ন্যায়লয় ১৪ টি মেলেরিয়া আধিকারিকের পদের বাছাই তালিকা বাতিল করে ।

-----------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ওরাং জাতীয় উদ্যানের বে - দখলকারীদের কবলে থেকে প্রায় ২২ হাজার বিঘা জমি উচ্ছেদ করেছেন বলে সামাজিক মাধ্যমে জানিয়েছেন ।মুখ্যমন্ত্রী বন্য প্রানী সংরক্ষণের ক্ষেত্রে এই পদক্ষেপ উল্লেখযোগ্য সাফল্য বলে প্রকাশ করে ওরাং জাতীয় উদ্যান এখন কাজিরাঙা ও বুড়া চাপরির সংগে সরাসরি সংযুক্ত হয়ে পড়েছে বলে উল্লেখ করেন ।

-----------------------------------------------------------------------------------

শিলচর গুরুচরন কলেজের এন্ট্রাপ্রিনিয়রশিপ ডেভোলাপমেন্ট সেল ও মহিলা সেলের যৌথ উদ্যোগে এবং আই কিউ এ সি-সহযোগীতায় কলেজ প্রাঙ্গনে হস্তশিল্প প্রদর্শনীর

আয়োজন করা হয়েছে । কলেজের উপাধ্যক্ষ ডক্টর রাহুল চক্রবর্তী এই হস্তশিল্প ও প্রদর্শনীর উদ্বোধন করেন । প্রদর্শনীতে রাধামাধব কলেজ , গুরুচরন কলেজ সহ অন্যান্য বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে হাতে তৈরী ব্যাগ , বিভিন্ন পোশাক , মাটির প্রদীপ সহ রকমারী সামগ্রীর স্টল দেওয়া হয়েছে ।

------------------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব এ অঞ্চলের দুটি প্রত্যাহান প্রাকৃতিক দূর্যোগ মোকাবিলা করা এবং এইচ আই ভি/এইডস মোকাবিলায় সরকারী প্রশাসনিক ব্যবস্থার পাশাপাশি বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা ও বেসরকারী ক্ষেত্রগুলিকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন । কাছাড় জেলা দূর্যোগ মোকাবিলা কর্তৃপক্ষ এবং ইমপেক্ট উইভার প্রাইভেট লিমিটেডের যৌথ উদ্যোগে গতকাল শিলচর জেলা ক্রীড়া সংস্থার সভাকক্ষে আয়োজিত নর্থ-ইষ্ট ডেভোলাপমেন্ট কনক্লেভ : বরাক ভেলী এডিশন শীর্ষক বিষয়ের উপর বক্তব্য রাখতে গিয়ে জেলা আয়ুক্ত শ্রী যাদব একথা বলেন । জেলা আয়ুক্ত শ্রী যাদব বলেন যে বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থাগুলি প্রাকৃতিক দূর্যোগ মোকাবিলা , জলবায়ু পরিবর্তন এবং এইচ আই ভি / এইডস মোকাবিলায় তৃনমূল স্তরের অভিজ্ঞতা রয়েছে । এক্ষেত্রে সরকারী প্রশাসনিক ব্যবস্থা বেসরকারী সংস্থাগুলির সঙ্গে হাতে হাত মিলিয়ে কাজ করলে ভাল ফল পাওয়া যাবে বলে জেলা আয়ুক্ত শ্রী যাদব আশা প্রকাশ করেন ।

------------------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা সৈনিক কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে প্রাক্তন সৈনিক যাদের স্ত্রীর নামে এখনো পারিবারিক পেনশনের জন্য পি পি ও -তে অনুমোদন করা হয় নি , তাদের খুব শীঘ্র ডিসচার্জ বই , পি পি ও , ই এস এম পরিচয় পত্র , স্ত্রীর আধার কার্ড সঙ্গে নিয়ে জেলা সৈনিক কল্যান আধিকারীকের কার্য্যলয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

------------------------------------------------------------------------------------------------